

ফুলবাড়িতে

ছাত্রীদের চরম
আবাসিক সংকট

ফুলবাড়ী (দিনাজপুর) থেকে সংবাদদাতা ॥
ফুলবাড়ী উপজেলা সদরে কলেজে পড় যা
ছাত্রীদের তীব্র আবাসিক সমস্যা দেখা
দিয়েছে। সমাধানের উদ্যোগ না থাকায় এই
সমস্যা ক্রমশ সংকটে রূপ নিচ্ছে। ফলে
দূরের ছাত্রীদের পক্ষে নিয়মিত ক্লাস করা
সম্ভব হয় না।

ফুলবাড়ী উপজেলা সদরে ফুলবাড়ী সরকারী
কলেজ, ফুলবাড়ী শহীদ স্মৃতি আদর্শ ডিগ্রী
কলেজ ও ফুলবাড়ী মহিলা ডিগ্রী কলেজ
রয়েছে। ১৯৬২ সালে প্রতিষ্ঠিত ফুলবাড়ী
সরকারী কলেজে শুধু ২০/২৫ ছাত্রের জন্য
হোটেল ব্যবস্থা থাকলেও ছাত্রীদের জন্য
কোন হোটেল নেই। অন্য দুটি কলেজেও
ছাত্রীদের থাকার কোন হোটেল নেই। ৮০-
এর দশকে ফুলবাড়ী সরকারী কলেজে
বি.এস.সি কোর্স চালু করার পর দূর-দুরান্ত
থেকে অনেক ছাত্রী এসে এখানে ভর্তি হয়।
অনেক অভিভাবক হোস্টেলে রেখে তাদের
মেয়েদের লেখা-পড়া করতে অগ্রহী। কিন্তু
আবাসিক সমস্যার কারণে ছাত্রীদের প্রতিদিন
দূর-দুরান্ত থেকে বাস, টেম্পো, রিকসা, ভ্যান
করে এসে ক্লাস করতে হচ্ছে। ফুলবাড়ী
উপজেলার আশপাশের উপজেলায় সরকারী
কলেজ না থাকায় বর্তমানে ফুলবাড়ী সরকারী
কলেজে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পেতে শুরু
করেছে। প্রতিষ্ঠালগ্নে ছাত্রদের পাশাপাশি
ছাত্রী হোস্টেল নির্মাণের পরিকল্পনা থাকলেও
পরবর্তীকালে রহস্যজনক কারণে তা নির্মাণ
করা হয়নি। একইভাবে ফুলবাড়ী শহীদ স্মৃতি
আদর্শ ডিগ্রী কলেজে ভূমির স্বল্পতাসহ আর্থিক
সংকটের কারণে এখন পর্যন্ত ছাত্রীদের জন্য
হোস্টেল নির্মাণ করা সম্ভব হয়নি। একই
কারণে ফুলবাড়ী মহিলা ডিগ্রী কলেজেও ছাত্রী
হোস্টেল নির্মাণ করা সম্ভব হচ্ছে না।